



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি বি এল কলেজ, খুলনা
www.blcollege.edu.bd

দূরলাপনী : ৭৬২৯৪৪
ফ্যাক্স : ০৪১-২৮৫০৩৭০
e-mail: infoblcollege@gmail.com



**২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে (বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও মানবিক)
ভর্তি সম্পর্কিত বিজ্ঞপ্তি**

- ০১। ভর্তির জন্য নির্ধারিত তারিখে এসএসসি/ সমমান পরীক্ষা পাসের মূল নম্বর ফর্দ আনতে হবে। মূল নম্বর ফর্দ ছাড়া ভর্তি করা হবে না। এসএসসি/ সমমান এর নম্বরফর্দের একাধিক সত্যায়িত ফটোকপি ছাত্র-ছাত্রীদের প্রয়োজনে সংরক্ষণ করতে হবে।
- ০২। কলেজের প্রশাসনিক ভবন থেকে এসএসসি/সমমান পাসের মূল নম্বর ফর্দ দেখিয়ে ভর্তির আবেদন ফরম সংগ্রহ করতে হবে। ভর্তির আবেদন ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। ভর্তির আবেদন ফরমে আবশ্যিক বিষয়, শাখাভিত্তিক আবশ্যিক পছন্দ বিষয় এবং ঐচ্ছিক বিষয়সমূহের বিষয় ও বিষয় কোড লিখতে হবে। এক্ষেত্রে পরবর্তীতে কোন বিষয় পরিবর্তনের সুযোগ দেয়া হবে না। আবেদন ফরমের সংগে এসএসসি/ সমমান পরীক্ষায় পাসের নম্বরফর্দ ও প্রশংসাপত্রের ফটোকপি জমা দিতে হবে।
- ০৩। কোটায় ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তির সময় প্রয়োজনীয় প্রমাণক সংযোজন করতে হবে।
- ০৪। ভর্তির সময় ৪ (চার) কপি (৪.৫×৫.৫ সেমি) সাইজের সত্যায়িত রঙিন ছবি (ল্যাব প্রিন্ট ছবি) একটি খামের মধ্যে আনতে হবে।
- ০৫। মেধা তালিকায় উল্লেখিত ছাত্র-ছাত্রীদের ভর্তি কমিটি কর্তৃক অনুমোদন প্রাপ্তির পর সোনালী ব্যাংক লিমিটেড, দৌলতপুর কলেজ রোড শাখা থেকে ১০/- টাকা মূল্যে বেতন বই সংগ্রহ করে কলেজ অফিসে ভর্তির ফিস জমা দিতে হবে। মূল বেতন বই ছাড়া কোন বিচ্ছিন্ন পাতায় ভর্তি করা হবে না।
- ০৬। নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভর্তি না হলে পরবর্তীতে ভর্তির সুযোগ দেয়া হবে না এবং উক্ত আসনে পরবর্তী মেধা তালিকা থেকে ভর্তি করা হবে।
- ০৭। ভর্তির তারিখ :

১ম মেধায় ভর্তির তারিখ		
শাখা	ভর্তির তারিখ	সময়
বিজ্ঞান,	১৮.০৬.২০১৬	সকাল ১০ টা থেকে দুপুর ২টা পর্যন্ত
ব্যবসায় শিক্ষা,	১৯.০৬.২০১৬	সকাল ১০ টা থেকে দুপুর ২টা পর্যন্ত
মানবিক	২০.০৬.২০১৬	সকাল ১০ টা থেকে দুপুর ২টা পর্যন্ত

০৮। ফিসাদি : মানবিক/ ব্যবসায় শিক্ষা = ২,৩৪৭/- টাকা।
বিজ্ঞান = ২,৪৪৭/- টাকা।

০৯। ক্লাস শুরু : ১০/০৭/২০১৬ খ্রি. তারিখ, রবিবার সকাল ১০.০০ ঘটিকায়।

১০। ভর্তির বিষয়সমূহ : সকল শাখার জন্য : বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আবশ্যিক)

বিজ্ঞান শাখা- (শাখা ভিত্তিক আবশ্যিক ৩টি বিষয়): পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান অথবা উচ্চতর গণিত।

শাখা ভিত্তিক ঐচ্ছিক বিষয় (১টি নেয়া যাবে): জীববিজ্ঞান, উচ্চতর গণিত, ভূগোল, মনোবিজ্ঞান, পরিসংখ্যান।

মানবিক শাখা- (শাখা ভিত্তিক আবশ্যিক ৩টি বিষয়): ইতিহাস/ ইসলামের ইতিহাস, পৌরনীতি ও সুশাসন, অর্থনীতি, সমাজবিজ্ঞান অথবা সমাজকর্ম, ভূগোল, যুক্তিবিদ্যা।

শাখা ভিত্তিক ঐচ্ছিক বিষয় (১টি নেয়া যাবে): পৌরনীতি ও সুশাসন, অর্থনীতি, ভূগোল, যুক্তিবিদ্যা, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, ইতিহাস, ইসলামের ইতিহাস, ইসলামী শিক্ষা, মনোবিজ্ঞান, পরিসংখ্যান, সংস্কৃত

ব্যবসায় শিক্ষা শাখা- (শাখা ভিত্তিক আবশ্যিক ৩টি বিষয়) : ক) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা খ) হিসাববিজ্ঞান, গ) ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা শাখা ভিত্তিক ঐচ্ছিক বিষয় (১টি নেয়া যাবে): ক) ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা খ) পরিসংখ্যান গ) ভূগোল ঘ) অর্থনীতি

১১। ছাত্র-ছাত্রীদের নির্ধারিত পোষাক বাধ্যতামূলক:

মেয়েদের ক্ষেত্রে : সেলোয়ার, ওড়না ও কোমরের বেল্ট-সাদা কাপড়ের। আকাশি রঙের হোল্ডারসহ কামিজ, স্কাট (কেউ যদি ব্যবহার করে)- সাদা। সোল্ডারের উপরে সাদা কাপড়ের এক দাগ (কোয়াটার ইঞ্চি চওড়া) সেলাই করতে হবে। কেডস ও মোজা- সাদা রঙের।

ছেলেদের ক্ষেত্রে : সার্ট আকাশি রঙের সোল্ডারসহ উপরে সাদা কাপড়ের এক দাগ (কোয়াটার ইঞ্চি চওড়া) সেলাই করতে হবে (১টি মাত্র পকেট থাকবে)। প্যান্ট, বেল্ট, জুতা ও মোজা- কালো রঙের।

ভর্তি সম্পর্কিত তথ্যাবলি কলেজ ওয়েব সাইট www.blcollege.edu.bd এ পাওয়া যাবে।

(প্রফেসর গুলশান আরা বেগম)

অধ্যক্ষ

সরকারি বি এল কলেজ, খুলনা